116

দৈনিক বাংলা

তারিখ ... 11 AUG 1997

পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

# দাবী না মানলে ১৪ আগস্ট থেকে আই ই আরে ছাত্র ধর্মঘট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিল্পকলা বিভাগের শিক্ষার্থীরা বুধবার বেলা ১১টা থেকে বেলা ২টা পর্যন্ত ডিসি কার্যালয়ে সম্মুখে অবস্থান ধর্মঘট পালন করে। পূর্ব ঘোষিত কর্মসূচীর অংশ হিসাবে মধুর ক্যান্টিনের সামনে থেকে এক বিক্ষোভ মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করে ভিসি অফিসের সামনে গিয়ে অবস্থান ধর্মঘট পালন করে।

অবস্থান ধর্মঘট শেষে আয়োজিত এক সমাবেশে আন্দোলনে একাত্মতা ঘোষণা করে বক্তব্য রাখেন বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি শরিফুজ্জামান শরিফ, শিল্পকলা বিভাগের ছাত্র মিজানুর রহমান ও আমিরুল ইসলাম মৃধা, শাহজাহান কবির। সমাবেশে বক্তারা বলেন, শিল্পকলা বিভাগের শিক্ষার্থীরা 'ক' ইউনিটের মাধ্যমে ভর্তি পরীক্ষা দিয়ে শিল্পকলা বিভাগে ভর্তি হয়। শিল্পকলা বিভাগে উত্তীর্ণদের গণিত ও পদার্থবিদ্যা বিভাগে মাষ্টার্সে সরাসরি ভর্তির সুযোগ থাকার নিয়ম থাকলেও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আকস্মিকভাবে তাদেরকে মাষ্টার্সে পড়ার সুযোগ থেকে বঞ্চিত করেছেন। ফল এই বিভাগের ১৫ জন শিক্ষার্থীর শিক্ষা জীবন আজ বিপন্ন।

বক্তারা উল্লেখ করেন, সাবেক ভিসি এমাজ উদ্দিন আহমদ বিষয়টির একটা সমাধানের জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন। পরে তিনি বিষয়টি পুরোপুরি সমাপ্ত করে যেতে পারেননি। বর্তমান ভিসি অধ্যাপক একে আজাদ চৌধুরী আশ্বাস দিলেও নানা অজুহাতে বিষয়টি নিয়ে কোন রকম আলোচনায় বসছেন না। এই বিষয় নিয়ে শিল্পকলা বিভাগের শিক্ষার্থীরা সাধারণ ছাত্র–ছাত্রীদের নিয়ে ইতিপূর্বে কয়েকবার আন্দোলন, ভিসি অফিস ঘেরাও, ভিসি কার্যালয়ে অবস্থান ধর্মঘট স্মারকলিপি পেশ এবং আই-ইআরএ ছাত্র ধর্মঘট কর্মসূচী সফল করেছে। সাংবাদিক সম্মেলনও করে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক আশ্বাস পাওয়ার প্রেক্ষিতে এবং ভিসি অধ্যাপক একে আজাদ চৌধুরী বিষয়টি নিয়ে একাডেমিক কাউন্সিলের মিটিং–এ একটি ইতিবাচক সিদ্ধান্ত নেবেন বলে আশ্বাস দিলে আন্দোলনের পরবর্তী কর্মসূচী গ্রহণ থেকে বিরত থাকা হয়। কিন্তু অদ্যাবধিও এ ব্যাপারে কোন ইতিবাচক সিদ্ধান্ত গৃহীত না হওয়ায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষই ছাত্র–ছাত্রীদের আন্দোলনে নামাতে বাধ্য করেছেন।

বক্তারা আগামী ১৩ আগস্টের মধ্যে তাদের দাবী না মানা হলে আগামী ১৪ আগস্ট থেকে শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর)–এর অনির্দিষ্টকালের জন্য ছাত্র ধর্মঘট আহবান করেন। বক্তারা তাদের দাবী না মানা হলে ভবিষ্যতে আরও কঠোর কর্মসূচী গ্রহণের প্রত্যয় ব্যক্ত করেন।